



অসাম্প্রদায়িক রাজনীতিতে অটল থাকার অঙ্গীকার মির্জা ফখরুলের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁওয়ের জনসভায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, মানবিকতা ও অসাম্প্রদায়িকতার কথা বলার কারণেই তাকে বেশি সমালোচনা সহ্য করতে হয়। তবু তিনি মানুষের পক্ষে কথা বলা বন্ধ করবেন না।

বৃহস্পতিবার রাতে পৌর শহরের জাগরনী প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত নির্বাচনী সভায় তিনি বলেন, সব ধর্মের মানুষের বিশ্বাসকে সম্মান জানিয়ে শান্তিপূর্ণ বাংলাদেশ গড়তে হবে। বিভাজন নয়, ঐক্যই হতে পারে দেশের পথ।

তিনি ভোটারদের উদ্দেশে বলেন, রাজনৈতিক পরিবর্তনের পর এই নির্বাচন খুবই তাৎপর্যপূর্ণ। দেশ সামনে এগোবে নাকি পিছিয়ে যাবে সিদ্ধান্ত নিতে হবে জনগণকেই।

নিজে মুক্তিযোদ্ধা ও অসাম্প্রদায়িক রাজনীতির অনুসারী উল্লেখ করে ফখরুল বলেন, তার রাজনীতি মানুষের কল্যাণ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী। যারা স্বাধীনতার সময় পাকিস্তানি বাহিনীকে সহায়তা করেছিল এবং এখনো ক্ষমা চায়নি, তাদের সঙ্গে তিনি একমত নন।

দীর্ঘ আন্দোলন, মামলা ও কারাবাসের অভিজ্ঞতার কথা তুলে ধরে তিনি বলেন, গণতন্ত্র ও ভোটাধিকারের লড়াইয়ে তিনি বহু বছর কাটিয়েছেন। আগামী ১২ ফেব্রুয়ারি ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, শেষ সিদ্ধান্ত জনগণের।